


**বাকুবিতে ক্লাস-পরীক্ষা  
বর্জন করে মিছিল  
প্রশাসন ভবনে তাল**

সায়াদ হত্যা : গ্রেফতার ৪

ময়মনসিংহ প্রতিদিনী ও বাকুবি সংবাদদাতা  
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের  
(বাকুবি) মেধাবী শিক্ষার্থী ও ছাত্রলীগ  
নেতা সায়াদ ইবনে মমতাজের  
হত্যাকারীদের দ্রুত বিচার ও আত্মীকরণ  
ছাত্রত্ব বাতিলের দাবিতে গতকাল  
বুধবার আন্দোলনে উত্তাল ছিল  
ক্যাম্পাস। গতকাল সকাল থেকে সব  
ধরনের ক্লাস-পরীক্ষা বর্জন করে  
ক্যাম্পাসে মিছিল ও প্রশাসন ভবন  
তাল দিয়ে অবস্থান ধর্মঘট পালন এবং  
যুনিদের প্রতীকী তামির আয়োজন  
করে সাধারণ শিক্ষার্থীরা। এদিকে  
হত্যাকাণ্ডের ঘটনায় বুধবার নামলা  
হয়েছে। আত্র বৃহস্পতিবার সকাল  
১০টা পর্যন্ত সায়াদ হত্যাকারীদের  
গ্রেফতারের জন্য বিশ্ববিদ্যালয়  
প্রশাসনকে সময় বেঁধে দিয়েছে  
আন্দোলনকারী শিক্ষার্থীরা।

এদিকে ছাত্রলীগ নেতা সায়াদ  
ইবনে মমতাজ পৃষ্ঠা ১৯ কলাম ৪



বাকুবি : ছাত্রলীগ নেতা সায়াদ হত্যাকারীদের গ্রেফতার দাবিতে গতকাল ক্যাম্পাসে সাধারণ শিক্ষার্থীরা মিছিল করে

**বাকুবিতে ক্লাস-পরীক্ষা**

প্রথম পৃষ্ঠার পর  
হত্যাকাণ্ডের ঘটনায় মূল অভিযুক্ত  
বাকুবির আশরাফুল হক হল শাখা  
ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক সূত্রয়  
কুমার কুন্ডু ও একই হলের ছাত্রলীগ কর্মী  
রোকনুজ্জামান রোকনকে গতকাল  
বুধবার রাত ৯টার দিকে ময়মনসিংহ  
শহরের ব্রিঞ্জ মোড় এলাকা থেকে পুলিশ  
গ্রেফতার করেছে। এছাড়া গতকাল  
ক্যাম্পাস থেকে ডিবি পুলিশ অপর দুই  
ছাত্রলীগ কর্মীকে গ্রেফতার করে। এরা  
হলেদে শহীদ শাননুল হক হলের  
আনিসুজ্জামান ওরফে জনি ও ইশা খা  
হলের নাহিদ হাসান ওরফে নিটু।

প্রত্যক্ষদর্শী ও স্মৃতিষ্টি সূত্রে জানা  
যায়, সায়াদ ইবনে মমতাজের  
হত্যাকারীদের গ্রেফতার ও বিচারের  
দাবিতে গতকাল বুধবার সকালে সকল  
ক্লাস-পরীক্ষা বর্জন করে মিছিল ও  
প্রশাসন ভবনের প্রধান ভবনে তাল  
খুলিয়ে অবস্থান ধর্মঘট পালন করে  
সাধারণ শিক্ষার্থীরা। কোন অনুমতি  
ক্লাস-পরীক্ষা না হওয়ায় ক্যাম্পাসে  
অচলাবস্থার সৃষ্টি হয়। এসময় প্রশাসন  
ভবনে প্রায় ২ ঘন্টা কর্তব্য-কর্মচারীরা  
অবরুদ্ধ হয়ে পড়েন। শিক্ষার্থীরা  
প্রশাসন ভবন লক্ষ্য করে ইউ-পার্টিকেল  
শিফট করলে ভবনের জানালার  
কয়েকটি কাঁচ ভেঙ্গে যায়।

এদিকে গতকাল বেলা ১১টার  
দিকে বিশ্ববিদ্যালয়ের বাৎসরিক  
অনুষ্ঠানের শিক্ষকরা সাধারণ সভা করে  
সায়াদের যুনিদের গ্রেফতার করে  
দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান। দাবি  
না মানা পর্যন্ত অনুষ্ঠানের শিক্ষকরা কোন  
ধরনের ক্লাস-পরীক্ষা নেবেন না বলেও  
ঘোষণা দিয়েছেন।

গতকাল প্রশাসন নামলা করলেও  
তাতে কারো নাম বা সংখ্যা দেয়া হয়নি।  
ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন  
করা হয়েছে। বেলা ১০টার দিকে শিক্ষার্থী  
হত্যাকারীদের বিচারের দাবিতে  
ক্যাম্পাসে যৌন মিছিল করেছে  
বিএনপি পন্থি শিক্ষকদের সংগঠন  
'সোনালী দল'। গতকাল বিকাল ৩টার  
দিকে ছাত্রলীগ বাকুবি শাখা ক্যাম্পাসে  
সাংবাদিক সমিতিতে একটি সাংবাদিক  
সম্মেলনের আয়োজন করে। সম্মেলনে  
বলা হয়, এ হত্যাকাণ্ডের ঘটনার সাথে  
ছাত্রলীগের সরাসরি সংশ্লিষ্টতা নেই।  
ছাত্রলীগের অবমূর্তি কুমার রাকো  
সুযোগসন্ধানী মহল এ ঘটনা ঘটিয়েছে।

ময়মনসিংহ কোতোয়ালি থানার  
জারপ্রাণ কর্তৃত্ব (ওসি) গোলাব  
সায়ওয়াল বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসন  
বাদি হয়ে হত্যাকাণ্ড নামলা করেছে।

প্রসঙ্গত, ক্লাস-পরীক্ষা নিয়ে ধর্ম  
আসন্ন ছাত্র সমিতির নির্বাচন ও পূর্ব  
শক্রতার জেরে বিশ্ববিদ্যালয়ের  
আশরাফুল হক হলের ছাত্রলীগ নেতা  
সূত্রয় কুমার কুন্ডু ও রোকনুজ্জামানসহ  
ছাত্রলীগের নেতা-কর্মীরা সোনবার  
রাত্রে একই হলের ছাত্রলীগ নেতা  
সায়াদকে শিটিয়ে মারাত্মকভাবে জখম  
করে। পরে মঙ্গলবার সকালে  
ময়মনসিংহ শহরের বেসরকারি ক্লিনিক  
টুমা সেন্টারে চিকিৎসাধীন অবস্থায়  
সায়াদ মারা যান।

-ইত্তেফাক